## 285352 - উৎপীড়ন সংস্কৃতি সম্পর্কে কিছু কথা

প্রশ্ন

উৎপীড়নের বিভিন্ন প্রকারের হুকুম উল্লেখে, উৎপীড়নকারীর ব্যাপারে কঠোর হুমকি এবং উৎপীড়কদের লক্ষ্য করে কিছু কথা আশা করছি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

উৎপীড়ন সংস্কৃতি: এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে পুনরাবৃত্তিমূলক মৌখিক ও শারীরিক আক্রমণ, যা সাধারণত ছেলে বা মেয়ে তার সমবয়সী বা তার চেয়ে কমবয়সীদের সাথে চর্চা করে থাকে। আক্রমণকারী তার শক্তি বা সঙ্গীদের উপর নির্ভর করে; অপরদিকে উৎপীড়িতের দুর্বলতা বা একাকিত্বের সুযোগকে ব্যবহার করে।

দুঃখের সাথে বলতে হয় এই সংস্কৃতি স্কুলগুলোতে, আবাসিক এলাকায় বিস্তার লাভ করছে। সাধারণতঃ এটি উৎপীড়িতের শারীরিক ও মানসিক ব্যাপক ক্ষতি করে। কখনও কখনও এর কুপ্রভাব উৎপীড়িতকে আত্মহত্যা করতেও প্ররোচিত করে; যদি তার ব্যাপারে কিংবা তার দৈনন্দিন ভোগান্তির ব্যাপারে কেউ সচেতন না হয়।

এই সামাজিক সমস্যা নিরসনে আল্লাহ্‌ তাআলার সাহায্যের পর এই সংস্কৃতিকে ঘিরে যে পক্ষগুলো রয়েছে তাদের সকলের অংশগ্রহণ আবশ্যক। বিশেষতঃ

উৎপীড়কের পরিবার:

যে পরিবারের সদস্য এমন কোন সংস্কৃতি দ্বারা আক্রান্ত হয় তাদের উচিত উৎপীড়কের পরিবারের সাথে যোগাযোগ করা। তাদেরকে আল্লাহ্‌র ভয় স্মরণ করিয়ে দেয়া, তাদেরকে নিজ সন্তানদের প্রতি যত্মশীল হতে বলা এবং সন্তানদেরকে খারাপ চরিত্র থেকে বাঁচিয়ে রাখতে অনুরোধ করা।

আল্লাহ্‌ তাআলা বলেন: "হে ঈমানদারগণ, তোমরা নিজেদেরকে ও নিজেদের পরিবারবর্গকে আগুন থেকে বাঁচাও। যে আগুনের ইন্ধন হচ্ছে- মানুষ ও পাথর। যার দায়িত্বে নিয়োজিত আছে নির্দয় ও কঠোর ফেরেশতারা। তারা আল্লাহ্‌র নির্দেশে অমান্য করে না এবং যা করার নির্দেশ পায় তাই করে।"[সূরা আল-তাহরীম, আয়াত: ৬]

শাইখ মুহাম্মদ আল-আমীন আশ-শানক্বতিী (রহঃ) বলনে:

ব্যক্তরি উপর আবশ্যক তার পরবিারকে তথা স্ত্রী ও সন্তানদরেকে সৎকাজরে আদশে দয়ো এবং অসৎ কাজ থকেে নষিধে করা। যহেতেু আল্লাহ্ তাআলা বলনে: “হে ঈমানদারগণ, তোমরা নজিদেরেকে ও নজিদেরে পরবিারবর্গকে আগুন থকেে বাঁচাও।

এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: “তোমরা প্রত্যকেে দায়ত্বিশীল। প্রত্যকেকে তার অধীনস্থদরে ব্যাপারে জজ্ঞিাসাবাদ করা হবে।”[আল-হাদসি][আয-ওয়াউল বায়ান (২/২০৯) থকেে সমাপ্ত]

সন্তানদরে ব্যাপারে তাদরে অবহলোর কারণে তাদরেকে আখরিাতে শাস্তি পাওয়ার ব্যাপারে সাবধান করা। কনেনা এই অবহলো ও এই সীমালঙ্ঘন মনেে নয়ো এটি সন্তানদরে প্রতপিালনে ধোকোবাজি।

হাসান থকেে বর্ণতি আছে য,ে উবাইদুল্লাহ্ বনি যয়িাদ মৃত্যুর রোগে আক্রান্ত মা’কলি বনি ইয়াসার (রাঃ) কে দখেতে গলেনে। তখন মা’কলি (রাঃ) বললনে: আমি তোমাকে একটি হাদসি বর্ণনা করছি যে হাদসিটি আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে শুনছেি। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনছেি য,ে তনিি বলনে: “আল্লাহ্ কোন বান্দার উপর কোন কওমরে দায়ত্বি অর্পণ করলে সে বান্দা যদি তাদরে কল্যাণ সাধন না করে তাহলে সে ব্যক্তি জান্নাতরে ঘ্রাণ পাবে না।”[সহহি বুখারী (৭১৫০) ও সহহি মুসলমি (১৪২)]

অনুরূপভাবে সন্তানদরেকে সীমালঙ্ঘন ও বাড়াবাড়ি থকেে বরিত না-রাখার খারাপ পরণিতরি ব্যাপারওে তাদরেকে সতর্ক করা। কারণ কর্মফল কর্মশ্রণেীয়; শরয়িতরে অনকে দললি ও অভজ্ঞিতা তা প্রমাণ কর।ে

সকল পতিামাতার কর্তব্য হলো সন্তানদরে মাঝে দ্বীনি চতেনা মজবুত করা, তাদরেকে সঠকি আকদিার দীক্ষা দয়ো। সহনশীলতা, অপরকে সম্মান করা, শষ্টিাচার, অন্যদরেকে ভালোবাসা, অন্যদরে সহযোগতিায় এগয়িে আসা, পারস্পারকি সহযোগতিা ইত্যাদি উত্তম আখলাকরে প্রশক্ষিণরে উপর তাদরেকে বড় করা।

উৎপীড়তিরে পরবিাররে:

শশিুর পতিামাতার কর্তব্য তাদরে সন্তানরে প্রতি গুরুত্বারোপ করা। তদারকি না করে এভাবে ফলেে না-রাখা; এই যুক্তিতে য,ে সে যনে নজিরে সমস্যা নজিে নরিসন করতে শখিে এবং অন্যদরে জন্য বোঝা না হয়।

আব্দুল্লাহ্ বনি উমর (রাঃ) থকেে বর্ণতি আছে য,ে তনিি বলনে: রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: “তোমরা প্রত্যকেে দায়ত্বিশীল। প্রত্যকেকে তার অধীনস্থদরে ব্যাপারে জজ্ঞিাসাবাদ করা হব।ে শাসক দায়ত্বিশীল; তাকে তার অধীনস্থদরে ব্যাপারে জজ্ঞিসে করা হব।ে পুরুষ তার পরবিারে দায়ত্বিশীল; তাকে তার অধীনস্থদরে সম্পর্কে জজ্ঞিসে করা হব।ে স্ত্রী তার স্বামীর ঘররে ও স্বামীর সন্তানরে উপর দায়ত্বিশীল। তাকে তার অধীনস্থ সম্পর্কে জজ্ঞিাসাবাদ

করা হবে। ক্রীতদাস তার মালকিরে সম্পদরে দায়ত্বিশীল। তাকে সে সম্পর্কে জজ্ঞিাসাবাদ করা হবে। ওহে তোমরা শুনে রাখ! সুতরাং তোমরা প্রত্যকে দায়ত্বিশীল। প্রত্যকেকে তার অধীনস্থদরে সম্পর্কে জজ্ঞিাসাবাদ করা হবে।'[সহহি বুখারী (৮৫৩) ও সহহি মুসলমি (১৮২৯)]

বশিষেতঃ নপিীড়নরে শকিার শ্রণেীর অনকেে চুপচাপ অর্ন্তমুখী প্রকৃতরি। তারা তাদরে মনরে কথা বলতে চায় না। তাই পতিামাতার কর্তব্য তার নবিীড় সম্পর্ক গড়ে তোলা যা পতিৃত্বরে সম্পর্ককে পরেয়িে বন্ধুর সম্পর্কে গয়িে পৗেঁছবে; যাতে করে সে তাদরে কাছে স্বস্তি অনুভব করে এবং তার মনরে কথা তাদরে কাছে খুলে বলতে সাহস পায়। অনুরূপভাবে পতিামাতার কর্তব্য সময়ে সময়ে সন্তানদরে স্কুল ভজিটি করা, তার সম্পর্কে খোঁজখবর নয়ো। অনুরূপভাবে আরকেটি গুরুত্বপূর্ণ বষিয় হচ্ছে সন্তানরে জন্য সৎ বন্ধু নর্বিাচন করে দয়ো এবং সময়ে সময়ে তাদরেকে বাসায় মহেমানদারি করার অনুমতি দয়ো; যাতে করে সে বধৈ খলোধুলা কংিবা উপকারী অভ্যাসগুলো চর্চা করতে পারে কংিবা স্কুলরে হোম ওয়ার্কগুলো একত্রে সম্পাদন করতে পারে। এটি একদকিে শশিুকে বহর্মিুখী করে তুলবে; অপরদকিে তাদরে সাথে একতা গড়ে তোলার মাধ্যমে সে উৎপীড়কদরে নর্যিাতন থকেে নজিকেে রক্ষা করতে পারবে।

অনুরূপভাবে সন্তানদরেকে আত্মরক্ষামূলক ব্যায়ামরে প্রশক্ষিণ দয়ো বাঞ্চনীয়। এটি তাদরে শারীরকি ও মানসকি শক্তি বৃদ্ধি করবে। তাদরে আত্মনর্ভিরশীলতা বাড়াবে। তাদরেকে উৎপীড়ক ছলেদেরে থকেে দূরে রাখবে। এর সাথে সন্তানদরে কাছে সর্বদা এটি নশ্চিতি করতে হবে যে, এই ব্যায়াম অন্যদরে উপর আক্রমণ করা ও নর্যিাতন করার জন্য নয়; বরং শারীরকি সুস্থতা ও শক্তি বাড়ানোর জন্য এবং প্রয়োজন হলে আত্মরক্ষা করার জন্য।

অনুরূপভাবে মসজদিরে ইমাম, খতীব ও স্যাটলোইট চ্যানলেগুলোর সাথওে যোগাযোগ রাখা বাঞ্চনীয় এবং এ বষিয়টরি উপর আলোকপাত করার জন্য তাদরে দৃষ্টি আকর্ষণ করা যাতে করে তারা কথা বা কাজ দয়িে মানুষকে নর্যিাতন করা থকেে সতর্ক করে। যে ব্যক্তি এমন কাজে লপ্তি হবে সে ব্যক্তি দুনয়িাতে শাস্তি পাওয়ার সাথে সাথে আখরিাতে শাস্তি পাবে এ বষিয়ে সাবধান করা।

একই প্রতষ্ঠিানরে বা মহল্লার অন্যান্য শশিুর অভভিাবকগণ:

তাদরে সাথওে যোগাযোগ রাখা ভাল এবং তাদরেকে সমস্যার ভয়াবহতার ব্যাপারে অবহতি করা। তাদরেকে উপদশে দয়ো যাতে করে তারা তাদরে শশিুদরেকে মজলুমকে সাহায্য করা ও জালমিকে প্রতরিোধ করার প্রশক্ষিণরে উপর গড়ে তোলে। তাদরে ভূমকিা যনে ঘটনার দর্শক ও শ্রোতা হওয়ার মধ্যে সীমাবদ্ধ না হয়। ইসলাম এ ধরণরে চরত্রিকে নাকচ করে।

আনাস (রাঃ) থকেে বর্ণতি আছে যে, তনিি বলনে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: তুমি তোমার ভাইকে সাহায্য কর; হোক সে জালমে কংিবা মজলুম। এক ব্যক্তি বলল: হে আল্লাহ্র রাসূল! মজলুম হলে তাকে সাহায্য করব; কনি্তু জালমে হলে আমি তাকে কভিাবে সাহায্য করব; আপনি কি বলনে? তনিি বললনে: তাকে জুলুম করা থকেে আটকে রাখবে কংিবা

বলেছেন বারণ করবে। এটাই তাকে সাহায্য করা।[সহিহ বুখারী (৬৯৫২)]

বারা বিন আযিব (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে সাতটি বিষয়ের নির্দেশ দিলেন এবং সাতটি বিষয় থেকে নিষেধ করলেন। তিনি উল্লেখ করেন: রোগী দেখা, জানাযার অনুসরণ করা, হাঁচির উত্তর দেয়া, সালামের জবাব দেয়া, মজলুমকে সাহায্য করা, দাওয়াতে সাড়া দেয়া এবং কসমকারীর কসম পূর্ণ করা।[সহিহ বুখারী (২৪৪৫) ও সহিহ মুসলিম (২০৬৬)]

অনুরূপভাবে স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা ভালো। এই সমস্যাটি রোধ করা কিংবা এর প্রকোপকে প্রশমিত করার মত চিন্তাধারা ও সমাধানগুলো নিয়ে তাদের সাথে আলোচনা করা।

আল্লাহই সর্বজ্ঞ।